

## গান্ধী ভাবনার তল খুঁজতে পুরুলিয়ায় জার্মান পড়ুয়ারা

সমীর দত্ত ✧ পুরুলিয়া

**বি**শ্বায়নের এই সময়ে গান্ধী আদর্শ বুঝতে সুদূর জার্মানি থেকে পুরুলিয়ায় এসেছিলেন ১০ ছাত্রছাত্রী। সম্প্রতি সপ্তাহ দু'য়েক তাঁর কাটিয়ে গেলেন জেলায়। জার্মানির মিউনিখ ও হামবুর্গ বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন বিষয় নিয়ে পড়াশোনা করেন ক্যাথরিন, ন্যাড্রি, অ্যাঞ্জেলিনা, লরেন্সরা। গান্ধী পিস ফাউন্ডেশনের ব্যবস্থাপনাতেই তাঁদের ভারত সফর। ক্যাথরিনদের উপলব্ধি, এ দেশে না এলে গান্ধী আদর্শ ও ভারতীয় ঐতিহ্য সম্পর্কে ধারণায় ফাঁক থেকে যেত। স্টাডি ট্যুর হিসাবেই দেখানো হয়েছে ছাত্রছাত্রীদের এই সফর। তাঁদের কথায়, গান্ধী আদর্শ তাঁদের ভাবায়। বিশ্বায়নের এই সময়ে গান্ধী আদর্শের প্রাসঙ্গিকতা বুঝতেই তাঁদের এ দেশে আসা।

গান্ধী-ভাবনায় গড়ে ওঠা প্রতিষ্ঠানের কাজকর্ম সম্পর্কে ওয়াকিবহাল হতে জার্মান পড়ুয়ারা এসেছিলেন পুরুলিয়ার মাঝিহিড়া আশ্রম বিদ্যালয়ে। আশ্রমের প্রতিষ্ঠাতা চিত্তভূষণ দাশগুপ্তের বয়স এখন ৯৩। তাঁর স্ত্রী ছিলেন মারাঠি। ওয়ার্ধা আশ্রমে থাকাকালীন স্বয়ং গান্ধীজির নির্দেশেই তাঁদের পরিণয়। চল্লিশের দশকে প্রতিষ্ঠিত এই আশ্রমে এসেছেন বহু বিশিষ্ট ব্যক্তিত্বই। আশ্রমের সম্পাদক প্রসাদ দাশগুপ্ত বলেন, “গান্ধীজির গ্রামস্বরাজ ভাবনাকে সামনে রেখেই বুনিয়াদি বিদ্যালয় চালিয়ে আসছি আমরা।”

জার্মান পড়ুয়ারা গ্রামপঞ্চায়েতের কাজকর্মও খতিয়ে দেখেন। গ্রামের প্রাথমিক বিদ্যালয়ের পরিকাঠামো, পঠন পাঠন, স্বনির্ভর দল ও তাদের কাজ সম্পর্কে পরিচিত হয়েছেন। মানবাজারের বিডিও পুষ্পেন্দু সরকার বলেন, “ওই ছাত্রছাত্রীরা পঞ্চায়েতের কাজের ধরন সম্পর্কে জানতে আমার সহযোগিতা চান। কয়েকটি প্রকল্প ওঁরা দেখেছেন।”

অ্যাঞ্জেলিনা বলেন, “গ্রাম পঞ্চায়েত তো গাঁধীজিরই ভাবনা। সেই ভাবনা কী ভাবে রূপায়িত হচ্ছে তা জানার আগ্রহ ছিল।” ওই পড়ুয়াদের মতে, সর্বধর্ম সমন্বয় গাঁধী ভাবনার অন্যতম গুরুত্বপূর্ণ দিক। বুনিয়াদি শিক্ষাকে ভিত্তি করেই প্রথাগত শিক্ষার উপরে জোর দেওয়া উচিত বলে মনে করছেন ওই পড়ুয়ারা। হরিজন ও কুষ্ঠরোগীদের সেবার ব্যাপারে আরও প্রচারমূলক কাজ হওয়া জরুরি বলে মনে করছেন তাঁরা। জেলার প্রাথমিক বিদ্যালয়গুলির পরিকাঠামো জার্মান পড়ুয়াদের খুশি করতে পারেনি। তাঁদের মতে, ১৮ বছর বয়স পর্যন্ত শিক্ষা বাধ্যতামূলক হওয়া উচিত। গরিব ছাত্রছাত্রীদের জন্য স্টাডি হেল্প চালুরও পক্ষপাতী তাঁরা।



[First Page](#) | [Calcutta](#) | [State](#) | [Uttarbanga](#) | [Dakshinbanga](#) | [Bardhaman](#)  
[Purulia](#) | [Murshidabad](#) | [Medinipur](#) | [National](#) | [Business](#) | [Foreign](#)  
[Sports](#) | [Today](#) | [Editorial](#) | [Reviews](#) | [Patrika](#) | [Rabibashariya](#)  
[Horoscope](#) | [Crossword](#) | [Comics](#) | [Feedback](#) | [Archives](#)  
[About Us](#) | [Advertisement Rates](#) | [Font Problem](#)